

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৩২.০০.০০০০.০১৮.১৮.০১৬.১৮-৭৬০

তারিখ : ০৫/১১/২০১৮ খ্রি:।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: আগামী ১৪-১৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে ভারতের কলকাতায় অনুষ্ঠেয় International Conference on Sexual Exploitation of Children in a Digital Era শীর্ষক কনফারেন্সে অংশগ্রহণের নিমিত্তে অনুমতি প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আগামী ১৪-১৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে ভারতের কলকাতায় অনুষ্ঠেয় International Conference on Sexual Exploitation of Children in a Digital Era শীর্ষক কনফারেন্সে অংশগ্রহণের নিমিত্তে নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের প্রকল্প পরিচালক ড. আবুল হোসেনকে নিম্নবর্ণিত শর্তে তাঁর স্ত্রী কামরুন্নাহার ও কনিষ্ঠ পুত্র আসির আত্রাসহ ভারত গমনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

শর্তাবলী :

- (ক) কনফারেন্সে প্রকল্প পরিচালক ড. আবুল হোসেন এর থাকা-খাওয়ার ব্যয় WBCPCR কর্তৃক এবং এয়ার টিকেটসহ অন্যান্য আনুসঙ্গিক ব্যয় নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম কর্তৃক নির্বাহ করা হবে;
- (খ) তাঁর ভ্রমণকাল কর্মরত হিসেবে গণ্য হবে;
- (গ) তিনি তাঁর বেতন-ভাতাদি বাংলাদেশী মুদ্রায় গ্রহণ করবেন এবং এর কোন অংশ বৈদেশিক মুদ্রায় গ্রহণ করবেন না;
- (ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (ঙ) তাঁর স্ত্রী কামরুন্নাহার ও কনিষ্ঠ পুত্র আসির আত্রাসহ ভারত গমনের সকল ব্যয়ভার তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন;
- (চ) তিনি পরিবারের সদস্যগণসহ আগামী ১৩/১২/২০১৮ তারিখ বা তার নিকটবর্তী তারিখে কলকাতার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ এবং ১৬/১২/২০১৮ তারিখ বা তার নিকটবর্তী তারিখে ঢাকার উদ্দেশ্যে কলকাতা ত্যাগ করবেন; এবং
- (ছ) তিনি ফিরে আসার ০৭ (সাত) দিনের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন।

আপনার বিশ্বস্ত,


স্বাক্ষরিত/-  
(মোঃ মাসুদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫১৪৬১৪

নং- ৩২.০০.০০০০.০১৮.১৮.০১৬.১৮-৭৬০

তারিখ : ০৫/১১/২০১৮ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৪। হাই কমিশনার, ভারতীয় হাই কমিশন, ঢাকা, বাংলাদেশ।
- ০৫। ড. আবুল হোসেন, প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। উপ-হাই কমিশনার, বাংলাদেশ হাই কমিশন, কলকাতা, ভারত।
- ০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।

  
(মোঃ মাসুদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব